

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি ফরমের দাম বাড়ানোর প্রতিবাদ পুলিশের বাধা সত্ত্বেও বিক্রয়কেন্দ্র অবরোধ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি ফরমের বর্ধিত মূল্য প্রত্যাহারের দাবিতে গতকাল রোববার প্রগতিশীল ছাত্রছাত্রীরা পুলিশের বাধা উপেক্ষা করে প্রায় সাড়ে তিন ঘণ্টা বিতরণকেন্দ্রগুলো অবরোধ করে রাখে। এ সময় ফরম বিতরণ বন্ধ থাকে। অবরোধ কর্মসূচিতে বাধা দিতে গেলে পুলিশের সঙ্গে ছোট নেতা-কর্মীদের সংঘর্ষ বাধলে আটকান আহত হয়।

দুপুর দুইটায় উপাচার্যের অনুরোধে আন্দোলনকারীরা অবরোধ প্রত্যাহার করে নেয়। উপাচার্য ভর্তি ফরমের বর্ধিত মূল্য ভর্তির সময় সমন্বয় করা হবে বলে আশ্বাস দিলে পুলিশের উপস্থিতিতে ফরম বিতরণ পুনরায় শুরু হয়।

গতকাল সকাল ১০টায় প্রগতিশীল ছাত্রছাত্রীদের নেতা-কর্মীরা টিএসসির ঘনত্ব ব্যাংক ও কার্ডেন হল শাখার অগ্রণী ব্যাংক অবরোধ করতে গেলে পুলিশ বাধা দেয়। আন্দোলনকারীরা বাধা ভাঙলে পুলিশের সঙ্গে সংঘর্ষ হয়। এতে ছোট্টের পরিক সংগঠন ছাত্র ইউনিয়ন, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, ছাত্র ফেডারেশন ও ছাত্র ঐক্য ফোরামের আট নেতা-কর্মী আহত হয়।

শেষ পর্যন্ত পুলিশের বাধা উপেক্ষা করে



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরমের বর্ধিত মূল্য বাতিলের দাবিতে পুলিশের বাধা উপেক্ষা করে প্রগতিশীল ছাত্রছাত্রীদের নেতা-কর্মীদের অবরোধ কর্মসূচি — প্রথম আলো

প্রগতিশীল ছাত্রছাত্রীদের নেতা-কর্মীরা সকাল সোয়া ১০টা থেকে এসব ব্যাংকের সামনে অবস্থান নিয়ে থাকে। তারা টানা দুপুর পৌনে দুইটা পর্যন্ত অবরোধ অব্যাহত রাখে। এ সময় এ দুটি ব্যাংক থেকে কোনো ফরম বিক্রি হয়নি। তবে বর্ধিত মূল্যেই সকাল নয়টা থেকে ১০টা

পর্যন্ত প্রায় এক হাজার ফরম বিক্রি হয়েছে বলে কর্তৃপক্ষ জানায়। অবরোধকালে ফরম কিনতে আসা শতাব্দির ছাত্র-অভিভাবক সারিবদ্ধভাবে এরপর পৃষ্ঠা ১৭ কলাম ৩

● ফরম বিতরণে বাধা দেওয়ার চেষ্টা : পৃষ্ঠা-২, আরও ছবি : পৃষ্ঠা-৩

পুলিশের বাধা সত্ত্বেও বিক্রয়কেন্দ্র অবরোধ

প্রথম পৃষ্ঠার পর

দাঁড়িয়ে অগেঁকা করেন।

দুপুরে কেন্দ্রীয় প্রগতিশীল ছাত্রছাত্রীদের নেতারা উপাচার্যের সঙ্গে দেখা করলে উপাচার্য অধ্যাপক এস এম এ ফারোজ অবরোধ প্রত্যাহারের অনুরোধ করেন। উপাচার্য বলেন, যেহেতু কিছু ফরম বিক্রি হয়ে গেছে, তাই নতুন করে সমন্বয় করা সম্ভব হবে না। তিনি আশ্বাস দেন, আগামী ১০ বছর আর ফরমের মূল্য বৃদ্ধি করা হবে না এবং বর্তমানের বর্ধিত মূল্য ভর্তির সময়ে সমন্বয় করে নেওয়া হবে।

এরপর আন্দোলনকারীরা সাংবাদিক সমিতি কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে অবরোধ প্রত্যাহারের ঘোষণা দেয়।

বিকলে উপাচার্য তাঁর কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে আগামী ১০ বছর ফরমের দাম না বাড়ানোর সুনির্দিষ্ট ঘোষণা দেননি। তবে তিনি বলেন, গত ১০ বছরে ফরমের দাম বাড়ানো হয়নি। এ থেকেই বোঝা, খুব শিগগিরই ফরমের দাম বাড়ানোর সুযোগ নেই।

শাহবাগ থানার উপপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রেজাউল করিম সাংবাদিকদের বলেন, বিশ্ববিদ্যালয়ের ফরম বিক্রির কেন্দ্রগুলোতে পুলিশ মোতায়েনের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুরোধ ছিল। সে অনুযায়ী তারা সেসব কেন্দ্রের সামনে সকাল থেকেই অবস্থান নেয়। পুলিশ পরিষ্কৃতি শান্ত করতে কাজ করেছে, এ সময় কেউ অস্ত্র কিছু আছাত পেতে পারে।

প্রগতিশীল ছাত্রছাত্রীদের নেতা-কর্মীদের ওপর পুলিশের লাঠিপেটার ঘটনার নিন্দা জানিয়েছে বাংলাদেশ ছাত্রশীপ (ড-সি) ও ছাত্র ঐক্য ফোরাম।

ঈগমাথ বিশ্ববিদ্যালয় : গতকাল ঈগমাথ বিশ্ববিদ্যালয় শাখার প্রগতিশীল ছাত্রছাত্রীরা ভর্তি ফরমের মূল্যবৃদ্ধির প্রতিবাদ জানিয়ে সেখানে উপাচার্যকে স্মারকলিপি দিয়েছে। এক সংবাদ বিজ্ঞপ্তিতে ছোট্টের পক্ষ থেকে বলা হয়, ঈগমাথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সস্ত্রীত ফরমের মূল্য ৫০ টাকা থেকে বাড়িয়ে ৩০০ টাকা করে দিয়েছে। ছোট্ট তা কবিয়ে ২০০ টাকা করে দাবি জানিয়েছে :